

## ৩রা নভেম্বর

সালমা ইয়াসমিন নিতি

সেদিন ৩রা নভেম্বর!

মন ভালো নেই আমার;

আসাদগেটের কাছে রাস্তা পাড়ি দিচ্ছি খুব আনমনে

হঠাৎ মোটরসাইকেলের হর্গ!

ফিরে তাকাতেই দেখি স্মৃতি ধূসর ঝাপসা একটি মুখ

দাঁড়িয়ে আছে আমারই অপেক্ষায়...

যার স্বপ্নে ভরা কৈশোর মধ্য যৌবনে শেষ কেবল আমারই প্রতীক্ষায়

রোদ-বৃষ্টি-বাড়, কুয়াশা ভরা ভোর

কত কাটফাটা দুপুর কেটে গেছে তার

পায়চারী করে আমার স্কুলের বারান্দায় বাস স্টপে

কলেজ গেটে মহিলা হোস্টেলের দরোজায়

কেবল এক পলক দেখার আশায়

যদি একবার চেয়ে চেয়ে চোখে তার চলে যাই মুচকি হেসে

প্রতিজ্ঞা যেনো এভাবেই হাজার বছর পাড় করে দেবে সে।

কোনোদিন যার ডাকে ফিরে চাইনি দিইনি সাড়া

আজ যেনো বাঁধনহীন ছুটে গেলাম অবলীলায়

বারণ করল না মন আমায়।

তোমাকে সারপ্রাইজ দেবো বলে বাবার কাছে জেনেছিলাম জন্মদিনের তারিখ

সেই থেকে প্রতি বছর দিনটি এলেই বড্ড এলোমেলো হয়ে যাই আমি

সকাল থেকে রাত গভীর অন্ধ মন কেমন করে আমার

একটা মৃত মানুষের স্মৃতি সারাক্ষণ তাড়িয়ে বেড়ায়।

কাছেই সাদামাটা এক রেস্তোরাই বসেছিলাম যুবকের সাথে

কেমন আছে, কি করছ, কেমন চলছে সংসার

ভবিষ্যৎ পরিকল্পনা কি..

এসব নিত্যকার কুশলাদি শেষে অতি বিনয় ভরে বলল....

একটা জীবন বয়ে বেড়ালাম বুকে এক জিজ্ঞাসা নিয়ে

আজও খুঁজে ফিরি সেই কঠিন সত্যকে;

চায়ের কাপের নিঃশেষিত চুমুকে...

জীবনের সবচেয়ে কঠিন সত্যটি সামনে

এসে যাবার আশংকায় আচ্ছন্ন হয়ে

এক নিঃশ্বাসে বলে গেল...

“যাকে ভালবেসে আজো কষ্ট পাও কী ছিল তার মধ্যে

কী এমন বিশেষ গুনে গুনাশিত সে

যা তুমি আর কারো মাঝেই দেখলে না এ জীবনে?”

নিরুত্তাপ নির্মোহ শীতল স্বরে আমি বললাম...

“এক জীবনে এতোটা রিক্ত এতোটা নিঃশ্ব

এতোটা ঋদ্ধ কেউ করেনি আমায়”

